দৈনিক জনকণ্ঠ

তারিখ 28 JAN 1995
পৃষ্ঠা ৫ কলাম ৪

29

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কার্যক্রমের ওপর সেমিনার

**স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস।** বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) কার্যক্রম সম্পর্কে সেমিনার অনুষ্ঠিত হয়েছে বগুড়া পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) মিলনায়তনে। সেমিনারে প্রধান অতিথি ছিলেন বাউবি উপাচার্য কেএম শমসের আলী। তিনি সেমিনারে রাজশাহী বিভাগের সকল জেলা প্রশাসক ও থানা নির্বাহী কর্মকর্তাদের বলেন, বাউবি একটি স্বতন্ত্র শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে শিক্ষার আলো সর্বত্র ছড়িয়ে দিচ্ছে। উচ্চশিক্ষায় শিক্ষিত করে তুলছে এদেশের মানুষকে। ১৪ থেকে যে কোন বয়সের মানুষ এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হতে পারে। তিনি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কার্যক্রমের সফল প্রসারে সহযোগিতা কামনা করেন। রাজশাহী বিভাগীয় কমিশনার আমিনুল ইসলামের সভাপতিত্বে সোমবার অনুষ্ঠিত সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস পরিচালক কেজিএন ফারুকী, উপপরিচালক আবুল বাসার খান।